

💵 অতি গুরুত্বপূর্ণ কতিপয় প্রশ্নোত্তর

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্নসমূহ এবং তার উত্তর রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

একাদশতম প্রশ্ন: শির্ক কী? শির্কের প্রকারভেদ কী কী?

উত্তর: রুবুবিয়্যাতের[1] মধ্যে শির্ক দুই প্রকার। তা হলো: বান্দার এ বিশ্বাস যে, কিছু সৃষ্টি বা কিছু পরিচালনার মধ্যে আল্লাহর সাথে কেউ শরীক আছেন। আর দ্বিতীয় প্রকার হলো, ইবাদাতের মধ্যে শির্ক করা। এটা আবার দু ধরণের। বড় শির্ক ও ছোট শির্ক। বড় শির্ক হলো যে কোনো ধরণের ইবাদাত আল্লাহ ছাড়া অন্য কারো জন্য করা। যেমন, আল্লাহ ব্যতীত অন্য কাউকে ডাকা বা কারো কাছে কিছু আশা করা বা কাউকে ভয় করা ইত্যাদি। এ ধরণের লোক দীনের গণ্ডি থেকে বের হয়ে যাবে এবং জাহান্নামে চিরস্থায়ী হবে। আর ছোট শির্ক হলো, যে কাজগুলো মানুষকে বড় শির্কের দিকে নিয়ে যায়। যেমন, আল্লাহ ছাড়া কারো নামে শপথ করা ও লোক দেখানো উদ্দেশ্যে ইবাদাত করা ইত্যাদি।

ফুটনোট

[1] আল্লাহকে একমাত্র সৃষ্টিকর্তা, রিযিকদাতা, পরিচালনাকারী ও লালনপালনকারী হিসেবে স্বীকার করাকে রুবুবিয়্যাত বলে। -অনুবাদক।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=10508

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন